# আগষ্ট,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি |
| সভার তারিখ ও সময় | : | ১১ আগষ্ট, ২০২২খ্রি: ; সময় : বেলা ১১.১৫ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | জুলাই, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| **২** | মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক কমিটি হতে ২টি প্রকল্প বাস্তবায়নের জন্য সুপারিশ পাওয়া যায়।<br>(ক) কার্প জাতীয় মাছের মিশ্র চাষ ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ;<br>(খ) গবাদি ও হাঁস-মুরগী খামারী প্রশিক্ষণ প্রকল্প; | উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচি/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি/আলোচনা/পর্যালোচনা সাপেক্ষে পার্শ্বেবর্ণিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **<u>স্বাস্থ্য বিভাগ :</u>** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জানান যে, বহি: বিভাগে উপস্থিতি রোগীর সংখ্যা ৩২৫৮ জন, জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৭৬ জন, অন্ত:বিভাগে ভর্তি রোগীর সংখ্যা ২৭৮ জন। হাসপাতালে প্রসূতি ডেলিভারী রোগীর সংখ্যা ২১ জন, মাঠ/সিএসবিএ/সিসিতে-১৬০ জন। মোট এএনসি-১ম ১০৯ জন, ৪র্থ-৫১ জন এবং পিএনসি ২৪৭ জন। ম্যালেরিয়া রোগীর সংখ্যা- ৪ জন টিবি রোগীর সংখ্যা= ১০ জন। অত্র উপজেলায় কোভিড-১৯ নিবন্ধিত সংখ্যা ৪১৪০৪ জন, ১ম ডোজ প্রদান ৪১০৮৯ জন, দ্বিতীয় ডোজ ৪০৭০৫ জন, ৩য় ডোজ-১৫০৪১ জন, প্রদান করা হয়নি ৩১৫ জন ২৩০ জন করোনী রোগী পজেটিভ পাওয়া গেছে এবং ২৩০ জনই সুস্থ মর্মে সভায় উপস্থাপন করেন।<br>তিনি আরো জানান যে, কমিউনিটি ক্লিনিকসমূহে নিয়মিত সেবা জোরদারকরণের লক্ষ্যে ১৩-১৭ সদস্য বিশিষ্ট কমিউনিটি গ্রুপ এবং ১৫-১৭ সদস্য বিশিষ্ট কমিউনিটি সার্পোট গ্রুপ রয়েছে মর্মে জানান। | (ক) গর্ভকালীন সেবা গ্রহণের সময় জন্মনিবন্ধনের জন্য উদ্বুদ্ধ করতে হবে;<br>(খ) গর্ভকালীন সময়ে নিয়মিত এএনসি, পিএনসি সেবা গ্রহণের জন্য উদ্বুদ্ধ করতে হবে;<br>(গ) বিধি অনুযায়ী নবজাতক শিশুকে ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পাদনের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের কে এলাকায় বহুল প্রচারের জন্য অনুরোধ করা হয়।<br>(ঘ) ম্যালেরিয়া ও টিবি রোগ বিস্তাররোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ৪ | **<u>পরিবার পরিকল্পনা বিভাগ:</u>** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৮৭ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৭০ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ১৩ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ০৮ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ০৪ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ৩৭ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ ০০ জন, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০০ জন, সাধারণ রোগী সেবা ৯৪৩ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা (নববিবাহিতা) ১১ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৩৪৭ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৪০%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫২৮৫ জন, চলতি মাসে উঠান বৈঠক ১৩টি, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.১৫% মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) বাল্যবিবাহ ও কিশোরীর মাতৃত্বের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) প্রজননতন্ত্রের সংক্রমন ও যৌনবাহিত রোগ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) বয়:সন্ধিকালীন পরিবর্তনের বিষয়ে কাউন্সেলিংয়ের মাধ্যমে ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | **কৃষি বিভাগ** : তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |
| ৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৫ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, প্রতি বছরের ন্যায় আগামী ২৩ জুলাই হতে ২৯ জুলাই,২০২২খ্রি: তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচির মাধ্যমে "জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২"খ্রি: সফলভাবে উদযাপিত হয়েছে। পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২১-২০২২) ২টি ক্রিক বাঁধের কাজ চেঙ্গী ও লতিবান ইউনিয়নে চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৫০%। | (ক) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২খ্রি: সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য মৎস্য কর্মকর্তাকে ধন্যবাদ জানানো হয়।<br><br>(গ) ২০২১-২০২২খ্রি: অর্থবছরের ২টি ক্রিক বাঁধ নির্মান কাজ যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |
| ৭ | **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি)'র প্রতিনিধি জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে অত্র উপজেলাধীন ০৫ (পাঁচ)টি ইউনিয়ন/গ্রামীণ সড়কে নতুন রাস্তা আইডিভূক্ত করণের লক্ষ্যে এলজিইডি'র আওতায় সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানদেরকে রাস্তার ফরমেটসহ ০৫ আগষ্ট,২০২২খ্রি: তারিখ সভা আহ্বান করা হয় এবং অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণ নতুন রাস্তার তালিকা দাখিল করেন। দাখিলকৃত গ্রামীণ সড়কে নতুন রাস্তা আইডিভূক্ত করণের লক্ষ্যে সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | বিধি অনুযায়ী দাখিলকৃত গ্রামীণ সড়কে নতুন রাস্তাসমূহ আইডিভূক্ত করণের লক্ষ্যে পরবর্তী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |
| ৯ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১০ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না । | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি। |
| ১১ | **প্রাথমিক শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে জানা গেল না । | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ১২ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, পরিকল্পিতভাবে এমপিওভূক্তি এবং সুস্পষ্ট নীতিমালা প্রণয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ চলমান। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের মাঝে কোভিড-১৯ বুষ্টার ডোজ কার্যক্রম চলমান। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | বিধি মোতাবেক পরিকল্পিতভাবে এমপিওভূক্তি এবং সুস্পষ্ট নীতিমালা প্রণয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ যথাসময়ে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে জেলা সমাজকল্যাণ পরিষদ হতে ১০৬ জন গরীব, দু:স্থ, অসহায়, প্রতিবন্ধী ব্যক্তি কে ৩,৫০০/- টাকা হারে ৩,৬৭,৫০০/- (তিন লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত) টাকা আর্থিক অনুদান এবং বাংলাদেশ | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) বিধি অনুযায়ী সকল ভাতাবিতরণ কার্যক্রম সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে ১১ জনকে ৫০০০/- টাকা হারে মোট ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার) টাকা বিতরণ করা হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | | |
| ১৪ | **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের জুন,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। জুলাই,২০২২খ্রি: মাসের ডিও এখনো পর্যন্ত বরাদ্দ পাওয়া যায় নি। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%। ডিও বিতরণ শেষে নির্ধারিত তারিখের মধ্যে তদারকি কর্মকর্তার স্বাক্ষরে মাষ্টার রোল ও সঞ্চয় অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। ২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বরে ভাতা জমা হচ্ছে। সংশ্লিষ্ট উপকারভোগীর হিসাব নম্বর যাচাই-বাছাই পূর্বক ভাতা বিতরণ আগষ্ট, ২০২২ হতে দেওয়া হবে এবং উক্ত কর্মসূচি মা ও শিশু সহায়তা কর্মসূচি নামে পরিচালিত হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ) প্রকল্পের ১৬তম ও ১৭তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ও মোমবাতি ট্রেডের প্রশিক্ষণ জুলাই,২০২২খ্রি: হতে প্রশিক্ষণ শুরু হবে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম চলমান আছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং আবৃত্তি শিক্ষকের শূণ্য পদ পূরণের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং প্রতিরোধের বিষয়ে নিয়মিত উঠান বৈঠক বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ডিও বিতরণ শেষে নির্ধারিত তারিখের মধ্যে মাষ্টার রোল ও সঞ্চয় জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়।<br><br>(গ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় আবৃত্তি শিক্ষকের শূণ্য পদ পূরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপূঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপূঞ্জিত সদস্য ভর্তি ১৫৫৪ জন, ক্রমপূঞ্জিত শেয়ার আদায় ৭.৫৬ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ৬৭.১৮ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ আদায় ১৬২৬.৮৮ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ১৭১০.২৮ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত অডিট ৫৯টি, ক্রমপূঞ্জিত এজিএম ৫৯টি, ক্রমপূঞ্জিত নির্বাচন ৫৯টি, ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ ১১১০টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ ও সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৬ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা ছুটিতে থাকায় তাঁর বিভাগ সর্ম্পকে জানা গেল না। | (ক) আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ১,৮৬,৪০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ১,৬৬,৪০০/- টাকা চলমান মাসে আদায় হার ৮৯%। চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৬১,৫২,৮৫০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ আদায়যোগ্য ২,৪১,৯৭,২৬৬/- টাকা, আদায় হার ৯২%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৪৮.০০ মে:টন এর মধ্যে ১৩৮.০০ মে: টন সংগ্রহ হয়েছে এবং অবশিষ্ট ১০.০০ মে: টন। আতপ চাউল লক্ষ্যমাত্রানুযায়ী সংগ্রহ করা হয়েছে। বর্তমানে খাদ্য গুদামে ৭৫২.৪৭১ মে: টন (আতপ) চাল, ১৪.১২৪ মে: টন (সিদ্ধ) চাল। ৩৫.৫৪৫ মে. টন গম এবং ১৩৮.০০ মে:টন ধান মজুদ আছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) পর্যাপ্ত পরিমাণে খাদ্যগুদামে খাদ্য মজুদ রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** উপজেলা বন কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অত্র উপজেলায় ১২টি করাত কল বিদ্যমান রয়েছে এবং অধিকাংশই করাতকল লাইসেন্স বিহীনভাবে পরিচালনা করে আসছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) বিধি অনুযায়ী লাইসেন্সবিহীন করাতকল মালিকদেরকে লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** আনসার ভিডিপি কর্মকর্তা শারিরীক অসুস্থতার কারণে সভায় অনুপস্থিত। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) ব্যবস্থাপক জানান যে, বর্তমানে সম্প্রসারিত পাড়াকেন্দ্রসহ মোট ১৮৩টি পাড়াকেন্দ্র বিদ্যমান আছে। নবসৃষ্ট পাড়াকেন্দ্রের পাড়াকর্মীদের মৌলিক প্রশিক্ষণ চলছে। কিশোর-কিশোরীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নালকাটা উচ্চ বিদালয়ে ১৪ আগষ্ট,২০২২ তারিখের মাপেট শো আয়োজন করা হয়েছে। বড়কলক ধন্যচন্দ্র কার্বারী পাড়া পাড়াকেন্দ্রটি ডিজিটাল করণের কাজ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) বড়কলক ধন্যচন্দ্র কার্বারী পাড়া পাড়াকেন্দ্রের ডিজিটাল করণের কাজ শীঘ্রই সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী জানান যে, চলতি অর্থবছরে ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ৪৬.৮৫ টাকা, ক্রমপুঞ্জিত ঋণ আদায় ৫৯.৬৯ টাকা এবং ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ২.৫৭ টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |
| ২৩ | **উপানুষ্ঠানিক শিক্ষা বুরো :** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি। |
| ২৪ | **বিদুৎ বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি। |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, ইউজিডিপি প্রকল্পের দ্বিতীয় রিভিশনে ২০২৪ সালের ডিসেম্বর পর্যন্ত প্রকল্পের মেয়াদবৃদ্ধি করা হয়েছে। তিনি ৫ম বছরের জন্য অনুমোদিত অবকাঠামো উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা পরিষদ এবং এলজিইডি অফিসের দৃষ্টি আকষণ করেন। | ৫ম বছরের জন্য অনুমোদিত অবকাঠামো উপ-প্রকল্পগুলো বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি কে অনুরোধ করা হয়। | ইউডিএফ, UGDP, LGD ও উপজেলা প্রকৌশলী (এলজিইডি) পানছড়ি। |
| ২৬ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ২১০ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ০২ জন। মোট সেবা গ্রহণকারীর সংখ্যা ২১২ জনকে সেবা প্রদান করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ২৭ | **<u>শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :</u>** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, তাঁর প্রকল্পে বাস্তবায়িত ১০টি বিদ্যালয়ে টয়লেটের প্রয়োজনীয় সামগ্রী ক্রয়ের জন্য প্রতিটি বিদ্যালয়ে ১,৬০০/- (এক হাজার ছয়শত) টাকা প্রদান করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) ১০টি বিদ্যালয়ে টয়লেটের প্রয়োজনীয় সামগ্রী ক্রয়ের বিষয়টি সরেজমিন মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) প্রকল্পের দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(চন্দ্র দেব চাকমা)**
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭- তারিখ- /০৮/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ..................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা ................................................................ কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ......................................................................
......................................................................... খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।